- উদ্দীপকে উল্লিখিত মৌলের আইসোটোপের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

### ▶▶ ৮নং প্রশ্নের উত্তর ▶▶

- কোনো মৌল বা যৌগের অণুর সর্বাধিকতম পকে সংকেত বলে।
- ক্লোরিনের পারমাণবিক সংখ্যা ১৭ বলতে বোঝায়, মৌলটির পরমাণুতে প্রোটন আছে ১৭টি।

আবার কোনো পরমাণুতে প্রোটন আর ইলেকট্রনের সংখ্যা সমান। তাই ক্লোরিনের একটি পরমাণুতে ইলেকট্রনও রয়েছে ১৭টি।

- 'B' চিত্রের মৌলটিতে-  
প্রোটন সংখ্যা = ১টি  
নিউট্রন সংখ্যা = ১টি  
আমরা জানি,  
ভর সংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা

$\therefore$  B চিত্রের মৌলের ভর সংখ্যা = ১ + ১ = ২  
সুতরাং, B চিত্রের মৌলের নির্ণয় ভরসংখ্যা ২।

- উদ্দীপকে উল্লিখিত মৌলের আইসোটোপের ভিন্নতার কারণ পরমাণুগুলোর ভরসংখ্যার পার্থক্য।

কোনো মৌলের ভিন্ন ধরনের পরমাণু যাদের প্রোটন বা পারমাণবিক সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদের ঐ মৌলের আইসোটোপ বলে। কোনো পরমাণুর ভর সংখ্যা হলো তার প্রোটন সংখ্যা ও নিউট্রন সংখ্যার সমষ্টির সমান। একই মৌলের সবগুলো পরমাণুর পারমাণবিক সংখ্যা একই হলেও তাদের নিউট্রন সংখ্যার ভিন্নতার কারণে ভরসংখ্যাও ভিন্ন হতে পারে।

উদ্দীপকের মৌলটির বেত্রেও নিউট্রন সংখ্যার পার্থক্যের কারণেই আইসোটোপগুলো ভিন্ন।

উদ্দীপকের মৌলটি হলো হাইড্রোজেন (H)। এর পারমাণবিক সংখ্যা ১। হাইড্রোজেনের বেশিরভাগ পরমাণুতে কোনো নিউট্রন নেই। তাই এদের ভরসংখ্যা ১। যেমন, উদ্দীপকের A চিত্রে দেখা যায়। কিন্তু B চিত্রের পরমাণুটির মতো হাইড্রোজেনের কিছু পরমাণুতে একটি নিউট্রন থাকে। এদের ভরসংখ্যা ২। আবার C চিত্রের পরমাণুটির মতো হাইড্রোজেনের কিছু কিছু পরমাণুতে দুটি নিউট্রন থাকে। এদের ভরসংখ্যা ৩।

অতএব, উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে দেখা যায়, উদ্দীপকে উল্লিখিত মৌলের আইসোটোপের ভিন্নতার কারণ হলো পরমাণুগুলোর ভর সংখ্যা বা নিউট্রন সংখ্যার ভিন্নতা।

### প্রশ্ন-৯ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

মৌল	পারমাণবিক সংখ্যা
Q	৮

R	১২
---	----

[বিঃ দ্রঃ- Q এবং R কোনো মৌলিক প্রতীক নয়। এগুলো প্রতীকী অর্থে ব্যবহৃত হয়েছে।



- ক. পারমাণবিক সংখ্যা কাকে বলে? ১  
 খ. অক্সিজেনের ভরসংখ্যা ১৬ বলতে কী বুঝায়? ২  
 গ. উদ্দীপকের 'Q' মৌলটির ইলেকট্রন বিন্যাস চিত্রসহ ব্যাখ্যা কর। ৩  
 ঘ. উদ্দীপকের 'Q' ও 'R' মৌল দুইটি কীভাবে যৌগ গঠন করে তা দেখাও। ৪

◀▶ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোনো মৌলের একটি পরমাণুতে প্রোটনের সংখ্যাকে পারমাণবিক সংখ্যা বলে।  
 খ. অক্সিজেনের ভরসংখ্যা ১৬ বলতে বোঝায় এর পরমাণুতে প্রোটন ও নিউট্রনের সংখ্যার সমষ্টি ১৬।

কোনো মৌলের ভরসংখ্যা = ঐ মৌলের পরমাণুতে প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা।

অক্সিজেনের নিউট্রন সংখ্যা = ভর সংখ্যা - প্রোটন সংখ্যা  
 = ১৬ - ৮ = ৮

অতএব, অক্সিজেনের ভরসংখ্যা ১৬ বলতে বোঝায় এর পরমাণুতে ৮টি প্রোটন ও ৮টি নিউট্রন আছে।


- গ. উদ্দীপকের Q মৌলটির পারমাণবিক সংখ্যা ৮। কাজেই মৌলটি হলো অক্সিজেন। এর ইলেকট্রন বিন্যাস নিচে চিত্রসহ ব্যাখ্যা করা হলো।

মৌলের পারমাণবিক সংখ্যা হলো এর পরমাণুতে বিদ্যমান প্রোটন সংখ্যা। আবার এ সংখ্যার সমসংখ্যক ইলেকট্রন পরমাণুর কবপথে ঘূর্ণায়মান থাকে।

পরমাণুর কবপথগুলোতে  $2n^2$  (যেখানে  $n = 1, 2, 3, \dots$  কবপথের ক্রমিক নম্বর) সূত্রানুযায়ী ইলেকট্রন বিন্যাস থাকে। সে অনুযায়ী, উদ্দীপকের Q বা অক্সিজেন পরমাণুতে ৮টি ইলেকট্রন থাকায় এর ২টি ইলেকট্রন প্রথম কবপথে ( $n = 1$ ) এবং বাকি ৬টি ইলেকট্রন দ্বিতীয় কবপথে ( $n = 2$ ) থাকে। কাজেই মৌলটির ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ প :

$Q_{(৮)} \rightarrow ২, ৬$

পরমাণুটির ইলেকট্রন বিন্যাসের চিত্র নিম্নে প্রদত্ত হলো।



চিত্র- অক্সিজেন ( $O_2$ )

- ঘ. উদ্দীপকের Q ও R মৌল দুটির পারমাণবিক সংখ্যা যথাক্রমে ৮ ও ১২। অতএব মৌল দুটি হলো অক্সিজেন  $O_2$  (৮) ও ম্যাগনেসিয়াম  $Mg$  (১২)।

এ মৌল দুটি আয়নিক বন্ধনে আবদ্ধ হয়ে ম্যাগনেসিয়াম অক্সাইড ( $MgO$ ) নামক যৌগ গঠন করে।

R বা ম্যাগনেসিয়ামের ইলেকট্রন বিন্যাস

$Mg_{(১২)} \rightarrow ২, ৮, ২$

স্থিতিশীলতা অর্জন করতে হলে মৌলটিকে এর নিকটবর্তী নিষ্ক্রিয় গ্যাস নিয়নের ইলেকট্রন বিন্যাস  $Ne_{(১০)} \rightarrow ২, ৮$  অর্জন করতে হবে।

সেবেত্র মৌলটিকে সর্ববহিস্থ শক্তিস্তরের দুটি ইলেকট্রন ত্যাগ করতে হয়। অর্থাৎ,

$Mg - 2e^- \rightarrow Mg^{2+}$

এভাবে R মৌলটি  $Mg^{2+}$  ক্যাটায়নে পরিণত হয়।

আবার, Q বা অক্সিজেনের ইলেকট্রন বিন্যাস-


$Q_{(৮)} \rightarrow ২, ৬$

স্থিতিশীলতা অর্জন করতে হলে মৌলটিকে এর নিকটবর্তী নিষ্ক্রিয় গ্যাস নিয়নের ইলেকট্রন বিন্যাস  $Ne_{(১০)} \rightarrow ২, ৮$  অর্জন করতে হবে। সেবেত্র মৌলটিকে ম্যাগনেসিয়াম কর্তৃক ত্যাগকৃত দুটি ইলেকট্রন গ্রহণ করতে হয়। অর্থাৎ

$O_2 - 2e^- \rightarrow O_2^{2-}$


এভাবে Q মৌলটি  $O_2^{2-}$  অ্যানায়নে পরিণত হয়।

বিপরীত আধানযুক্ত  $Mg^{2+}$  ও  $O_2^{2-}$  আয়ন দুটির মধ্যে একটি আকর্ষণ বল কাজ করে এবং তারা একে অন্যের সাথে বন্ধনে আবদ্ধ হয় এবং ম্যাগনেসিয়াম অক্সাইড ( $MgO$ ) যৌগ গঠন করে। নিচের চিত্রের সাহায্যে এ যৌগ গঠন প্রক্রিয়াটি দেখানো হলো :



চিত্র : ম্যাগনেসিয়াম অক্সাইডের গঠন প্রক্রিয়া

প্রশ্ন - ১০ ▶



- ক. পারমাণবিক সংখ্যা কী? ১  
 খ. একই মৌলের ভরসংখ্যা ভিন্ন হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২  
 গ. B মৌলটির নিউট্রন সংখ্যা ১৫ হলে এর ভরসংখ্যা কত? ৩  
 ঘ. A মৌলের সাথে ১৭ ইলেকট্রনবিশিষ্ট মৌলের যৌগ গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪



▶▶ ১০নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পারমাণবিক সংখ্যা হলো কোনো মৌলের একটি পরমাণুতে প্রোটনের সংখ্যা।

- খ. একটি মৌলের ভরসংখ্যা ভিন্ন হওয়ার কারণ নিউট্রন সংখ্যার ভিন্নতা।

কোনো মৌলের পরমাণুতে প্রোটন ও নিউট্রন সংখ্যার সমষ্টিকে ভরসংখ্যা বলা হয়। কিন্তু কোনো মৌলের প্রতিটি পরমাণুতে প্রোটন সংখ্যা একই। তবে নিউট্রন সংখ্যা পৃথক হতে পারে। এ কারণেই মৌলের ভর সংখ্যাও ভিন্ন হয়।

- গ. B মৌলের নিউট্রন সংখ্যা = ১৫

চিত্র থেকে দেখা যায়, মৌলটিতে ইলেকট্রন রয়েছে ১১টি

∴ মৌলটির প্রোটন সংখ্যা = ১১টি

আমরা জানি,

কোনো মৌলের ভরসংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা

∴ B " " = ১১ + ১৫ = ২৬

সুতরাং নির্ণয়ে B মৌলের ভরসংখ্যা ২৬।


- ঘ. A মৌলটি হলো সোডিয়াম (Na)। চিত্র হতে দেখা যায় এর ইলেকট্রন বিন্যাস- ২, ৮, ১।

সুতরাং এর পারমাণবিক সংখ্যা = ১১

অন্যদিকে, ১১ ইলেকট্রনবিশিষ্ট মৌল হলো ক্লোরিন। এদের মধ্যে যৌগ গঠন প্রক্রিয়া নিচে বর্ণিত হলো।

সৃজনশীল ৬(ঘ) নং এর অনুরূপ।

প্রশ্ন -১১▶ নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



নিউট্রনের সংখ্যা = ১২

চিত্র : P


?

- ক. কার্বনের পরমাণবিক সংখ্যা কত? ১  
 খ. আইসোটোপ বলতে কী বুঝায়? ২  
 গ. P মৌলটির ভরসংখ্যা নির্ণয় কর। ৩  
 ঘ. P মৌলটির স্থিতিশীলতা অর্জনের উপায় বিশ্লেষণ কর। ৪

▶▶ ১১নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কার্বনের পরমাণবিক সংখ্যা ৬।  
 খ. কোনো মৌলের ভিন্ন ধরনের পরমাণু যাদের প্রোটন বা পরমাণবিক সংখ্যা সমান কিন্তু ভরসংখ্যা ভিন্ন তাদের ঐ মৌলের আইসোটোপ বলে। যেমন : প্রোটিয়াম, ডিউটেরিয়াম ও ট্রিটিয়াম হাইড্রোজেনের তিনটি আইসোটোপ। এদের প্রত্যেকের পরমাণবিক সংখ্যা ১ অর্থাৎ একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন। এদের ভরসংখ্যা যথাক্রমে ১, ২ ও ৩।  
 গ. উদ্দীপকের, P মৌলটির নিউট্রন সংখ্যা ১২।  
 চিত্র থেকে দেখা যায়, P মৌলের প্রথম কক্ষপথে ২টি, দ্বিতীয় কক্ষপথে ৮টি ও তৃতীয় কক্ষপথে ১টি ইলেকট্রন আছে। অতএব মৌলটির ইলেকট্রন বিন্যাস ২, ৮, ১। কাজেই এর মোট ইলেকট্রন সংখ্যা ১১। যেহেতু একটি মৌলে ইলেকট্রনের সমান সংখ্যক প্রোটন থাকে। সুতরাং মৌলটির প্রোটন সংখ্যা ১১।  
 আমরা জানি, মৌলের ভরসংখ্যা = মৌলের পরমাণুতে প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা  
 $\therefore$  P মৌলটির ভরসংখ্যা = ১১ + ১২  
 = ২৩  
 ঘ. চিত্র অনুযায়ী P মৌলের প্রোটন, ইলেকট্রন ও পরমাণবিক সংখ্যা এবং এর ইলেকট্রন বিন্যাস ২, ৮, ১। একটি মৌলের ধর্ম মূলত এর ইলেকট্রন বিন্যাসের ওপর নির্ভর করে। সর্বশেষ কক্ষপথে যে কয়টি ইলেকট্রন থাকতে পারে ঠিক সে কয়টি ইলেকট্রন যদি ঐ শক্তিস্তরে থাকে তবে সেই কক্ষপথ পূর্ণ থাকে। এরকম পরমাণু বেশ নিষ্ক্রিয় অর্থাৎ স্থিতিশীল হয়। P পরমাণুর ইলেকট্রন বিন্যাস ২, ৮, ১ থেকে দেখা যায় যদি এই পরমাণু তার তৃতীয় শক্তিস্তর থেকে ১টি ইলেকট্রন অন্য কোনো পরমাণুকে দান করে  $Na^+$  আয়নে পরিণত হলে প্রথম শক্তিস্তরে ২টি এবং দ্বিতীয় শক্তিস্তরে ৮টি ইলেকট্রন হয়। এ অবস্থায়  $Na$  পরমাণু স্থিতিশীল হয়। সুতরাং P পরমাণুর স্থিতিশীলতা অর্জনের উপায় হলো তার শেষ শক্তিস্তরের একটি ইলেকট্রন ত্যাগ করে  $Na^+$  আয়নে পরিণত হয়ে নিষ্ক্রিয় গ্যাসের কাঠামো অর্জন করা।

প্রশ্ন -১২▶ নিচে দুটি পরমাণুর ইলেকট্রন বিন্যাস দেখানো হলো :



?

- ক. অ্যাটোমোস অর্থ কী? ১  
 খ. A1 এর পরমাণবিক সংখ্যা ১৩ বলতে কী বুঝায়? ২  
 গ. A মৌলের ইলেকট্রন বিন্যাস ব্যাখ্যা কর। ৩

ঘ. A ও B মৌল দুইটি কীভাবে যৌগ গঠন করবে? বিশ্লেষণ কর। ৪

▶▶ ১২নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. অ্যাটোমোস অর্থ হলো অবিভাজ্য।  
 খ. A1 এর পরমাণবিক সংখ্যা ১৩ বলতে বুঝায় যে A1 এর একটি পরমাণুতে ১৩টি প্রোটন আছে। আবার একটি পরমাণুতে যেহেতু প্রোটন আর ইলেকট্রনের সংখ্যা সমান, তাই বোঝা যায় A1 এর একটি পরমাণুতে ১৩টি ইলেকট্রন আছে।  
 গ. A মৌলের ইলেকট্রন বিন্যাস ২, ৮, ১। সুতরাং A মৌলের পরমাণবিক সংখ্যা ১১।  
 আমরা জানি, পরমাণুতে ইলেকট্রন নিউক্লিয়াসকে কেন্দ্র করে ঘোরে এবং এদের সুনির্দিষ্ট কক্ষপথ রয়েছে। কক্ষপথগুলোতে  $2n^2$  ( $n = 1, 2, 3, \dots$  কক্ষপথের ক্রমিক নম্বর) সূত্রানুযায়ী ইলেকট্রন বিন্যস্ত থাকে। সে অনুযায়ী A মৌলের পরমাণুর ১১টি ইলেকট্রনের মধ্যে ২টি ইলেকট্রন থাকে প্রথম কক্ষপথে, ৮টি থাকে দ্বিতীয় কক্ষপথে এবং ১টি থাকে তৃতীয় বা সর্বশেষ কক্ষপথে। তবে A এর সর্বশেষ কক্ষপথে যে কয়টি ইলেকট্রন থাকতে পারে, তা এর নেই।  
 ঘ. A ও B মৌল দুটি এদের সর্বশেষ কক্ষপথে ইলেকট্রন আদান প্রদান করে যৌগ গঠন করতে পারে।  
 A মৌলের পরমাণুর ইলেকট্রন বিন্যাস ২, ৮, ১। এর সর্বশেষ শক্তিস্তরে একটি মাত্র ইলেকট্রন থাকায় এটি স্থিতিশীল নয়। A যদি ১টি ইলেকট্রন অন্য কোনো পরমাণুকে দিয়ে দিতে পারে তাহলে এর প্রথম কক্ষপথে ২টি এবং দ্বিতীয় কক্ষপথে ৮টি ইলেকট্রন থাকবে। এটি একটি স্থিতিশীল অবস্থা।  
 B মৌলের পরমাণুর ইলেকট্রন বিন্যাস, ২, ৯। এর প্রথম কক্ষপথে ২টি এবং দ্বিতীয় বা সর্বশেষ কক্ষপথে ৭টি ইলেকট্রন আছে। B যদি ১টি ইলেকট্রন অন্য কোনো পরমাণু থেকে নিতে পারে তাহলে পরমাণুর প্রথম কক্ষপথে ২টি এবং সর্বশেষ কক্ষপথে ৮টি ইলেকট্রন থাকবে। এটি একটি স্থিতিশীল অবস্থা।  
 A ও B মৌল পরস্পরের সন্ধিকটে হলে A মৌল ১টি ইলেকট্রন ত্যাগ করে ২, ৮ ইলেকট্রন বিন্যাস অর্জন করে এবং ধনাত্মক আয়ন  $A^+$  সৃষ্টি করে। অপরদিকে B মৌল ওই ১টি গ্রহণ করে ২, ৮ ইলেকট্রন বিন্যাস অর্জন করে ঋণাত্মক আয়ন ( $B^-$ ) সৃষ্টি করে। এই বিপরীত আয়নদ্বয় পরস্পরকে আকর্ষণ করে ও ক্রমশে আবদ্ধ হয়। এভাবেই A ও B মৌল দুটি যৌগ গঠন করে।

প্রশ্ন -১৩▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

জিহান P ও Q দুইটি গ্যাস জারে দুই ধরনের গ্যাস নিল। সে P জারে বায়ু অপেক্ষা হালকা গ্যাস এবং Q জারে শ্বসনে গৃহীত হয় এমন একটি গ্যাস নিল। গ্যাসদ্বয় বিক্রিয়া ঘটিয়ে পানি উৎপন্ন করে।

- ক. পরমাণবিক সংখ্যা কাকে বলে? ১  
 খ. পরমাণু কখন চার্জ নিরপেক্ষ হয়— বর্ণনা কর। ২  
 গ. উদ্দীপকে উল্লিখিত Q জারের মৌলটির ইলেকট্রন বিন্যাস করে দেখাও। ৩  
 ঘ. 'P' জারের গ্যাস মৌলটি নিউট্রন সংখ্যা পরিবর্তনের মাধ্যমে তিনটি স্থায়ী আইসোটোপ গঠন করতে পারে— উক্তির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

▶▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোনো মৌলের পরমাণুতে অবস্থিত প্রোটনের সংখ্যাকে পরমাণবিক সংখ্যা বলে।  
 খ. পরমাণুতে ধনাত্মক ও ঋণাত্মক চার্জ সমপরিমাণ থাকলে তা চার্জ নিরপেক্ষ হয়।

পরমাণুর কণিকা ইলেকট্রন ঋণাত্মক চার্জ বিশিষ্ট এবং প্রোটন ধনাত্মক চার্জ বিশিষ্ট। যখন পরমাণুতে প্রোটন ও ইলেকট্রনের সংখ্যা সমান হয় তখন পরমাণু চার্জ শূন্য হয়ে চার্জ নিরপেক্ষ হয়।

গ. উদ্দীপকে উল্লিখিত Q মৌলটি হচ্ছে অক্সিজেন।  
অক্সিজেনের পারমাণবিক সংখ্যা ১৬। এর নিউক্লিয়াসে ৮টি প্রোটন ও নিউক্লিয়াসের বাইরে কবপথে ৮টি ইলেকট্রন আছে। এর ইলেকট্রন বিন্যাসের যেকোনো শক্তিস্তরে সর্বাধিক  $2n^2$  সংখ্যা ইলেকট্রন থাকতে পারে। অর্থাৎ মৌলের ১ম শক্তিস্তরে ইলেকট্রন থাকবে =  $2 \times 1^2 = ২$ । ২য় শক্তিস্তরে ইলেকট্রন থাকবে =  $2 \times 2^2 = ৮$ । ৩য় শক্তিস্তরে ইলেকট্রন থাকবে =  $2 \times 3^2 = ১৮$ । কিন্তু অক্সিজেনের দ্বিতীয় শক্তিস্তরে ৮টি ইলেকট্রন থাকা সম্ভব নয়। প্রথম শক্তিস্তরে ২টি ইলেকট্রন অবস্থানের পর এর ৬টি ইলেকট্রন অবশিষ্ট থাকে। অতএব, অক্সিজেনের ইলেকট্রন বিন্যাস ২, ৬।

ঘ. 'P' জারে অবস্থিত গ্যাসটি হাইড্রোজেন। কারণ হাইড্রোজেন বায়ুর চেয়ে হালকা। এর পারমাণবিক সংখ্যা ১। ফলে এতে প্রোটন ১টি, ইলেকট্রন ১টি ফলে নিউট্রন সংখ্যা পরিবর্তন হলে হাইড্রোজেনের ভর সংখ্যাও পরিবর্তিত হয়। যে সকল মৌলের প্রোটন সংখ্যা সমান ভর সংখ্যা ভিন্ন তারা পরস্পরের আইসোটোপ। হাইড্রোজেনের আইসোটোপ তিনটি।  ${}^1_1\text{H}$ ,  ${}^2_1\text{H}$ ,  ${}^3_1\text{H}$ , প্রথমটিতে নিউট্রন নেই, দ্বিতীয়টিতে ১টি আছে এবং তৃতীয়টিতে ২টি ইলেকট্রন আছে। অতএব, 'P' জারের গ্যাস মৌল হাইড্রোজেন নিউট্রন সংখ্যা পরিবর্তনের মাধ্যমে তিনটি স্থায়ী আইসোটোপ গঠন করতে পারে।— উক্তিটি যথার্থ ও যৌক্তিক।

**প্রশ্ন - ১৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

X একটি মৌল যার পারমাণবিক সংখ্যা ৬ এবং ভরসংখ্যা ১৪।

- ক. অক্সিজেনের প্রোটন সংখ্যা কত? ১
- খ. আয়ন কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
- গ. X মৌলের নিউট্রন সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. X মৌলটি যে ধর্ম প্রদর্শন করে তার ব্যবহার সম্পর্কে তোমার মতামত দাও। ৪

▶ ১৪নং প্রশ্নের উত্তর ◀

ক. অক্সিজেনের প্রোটন সংখ্যা ৮।

খ. কোনো পরমাণুর ইলেকট্রন ত্যাগ বা গ্রহণের মাধ্যমে আয়ন সৃষ্টি হয়।

সাধারণত একটি পরমাণুর নিউক্লিয়াসের ভেতরের ধনাত্মক আধান বিশিষ্ট প্রোটনের সমান সংখ্যক ঋণাত্মক আধান বিশিষ্ট ইলেকট্রন নিউক্লিয়াসের বাইরে কবপথে থাকে। ফলে সার্বিকভাবে একটি পরমাণু আধান নিরপেক্ষ থাকে। কিন্তু যদি কখনো উত্তেজিত অবস্থায়, নিষ্ক্রিয় গ্যাসের মতো স্থিতিশীলতা অর্জনের জন্য বা বন্ধন গঠনের জন্য পরমাণু কোনো ইলেকট্রন দান বা গ্রহণ করে তখন আর তা আধাননিরপেক্ষ থাকে না। আয়নে পরিণত হয়। এভাবে আয়ন সৃষ্টি হয়।

গ. X মৌলটির পারমাণবিক সংখ্যা ৬। সুতরাং X মৌলটির পরমাণুতে প্রোটন আছে ৬টি।

কোনো পরমাণুর প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা = ভরসংখ্যা  
অতএব, X মৌলের নিউট্রন সংখ্যা = X মৌলের ভরসংখ্যা - X মৌলের প্রোটন সংখ্যা

∴  $14 - 6 = 8$  (∵ X মৌলের ভরসংখ্যা ১৪ ও প্রোটন সংখ্যা ৬)

অতএব X মৌলের নিউট্রন সংখ্যা ৮।

ঘ. X মৌলের পারমাণবিক সংখ্যা ৬। সুতরাং X মৌলটি হলো কার্বন। কার্বনের বেশিরভাগ পরমাণুতে ৬টি প্রোটন ও ৬টি নিউট্রন রয়েছে। কিন্তু উদ্দীপকের কার্বন পরমাণুতে ৮টি নিউট্রন আছে। যা কার্বন মৌল আইসোটোপের ধর্ম প্রদর্শন করে।

আইসোটোপ চিকিৎসা বেত্রে এবং ভূতাত্ত্বিক বৈজ্ঞানিক গবেষণার বেত্রে কাজে লাগে। মানবদেহে কোনো ক্ষুদ্র রক্তনালি রতিগ্রস্ত হলে রক্তের মাধ্যমে আইসোটোপ পাঠিয়ে তা শনাক্ত করা যায়। একইভাবে ক্যান্সার কোষ ধ্বংস করা যায় আইসোটোপের তেজস্ক্রিয় বিকিরণ ব্যবহার করে।

কৃষিবেত্রে পতঙ্গ নিয়ন্ত্রণে আইসোটোপের তেজস্ক্রিয় রশ্মি ব্যবহার করা হয়। কখন কোন সার জমিতে ব্যবহার করা দরকার তা তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহারে জানা যায়।

ব্যাকটেরিয়াসহ অনেক জীবাণু তেজস্ক্রিয় রশ্মিতে মারা যায়। তাই তেজস্ক্রিয় রশ্মি ব্যবহার করে খাদ্যদ্রব্য বা ফলমূলকে জীবাণুমুক্ত করে সংরক্ষণ করা হয়। সুতরাং আমার মতামত হলো কার্বনের আইসোটোপ বিভিন্ন বেত্রে ব্যবহার করা যায়।



**অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর**



**প্রশ্ন - ১৫ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

'ক' মৌলের পারমাণবিক সংখ্যা ৬ এবং ভরসংখ্যা ১২। খ ও গ মৌল দুইটির পারমাণবিক সংখ্যা 'ক' মৌলের সমান, এ মৌল দুটিতে ৭ এবং ৮টি করে নিউট্রন আছে।

- ক. তেজস্ক্রিয় আইসোটোপ কাকে বলে? ১
- খ. পরমাণু কীভাবে স্থিতিশীলতা অর্জন করে? ২
- গ. 'ক' মৌলটির নিউট্রন সংখ্যা ও ইলেকট্রন সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের মৌল তিনটি পরস্পরের আইসোটোপ বিশেষণ কর। ৪

▶ ১৫নং প্রশ্নের উত্তর ◀

ক. যে অস্থায়ী আইসোটোপ বিভিন্ন তেজস্ক্রিয় রশ্মি ও কণা বিকিরণ করে তাদের তেজস্ক্রিয় আইসোটোপ বলে।

খ. পরমাণু স্থিতিশীলতা অর্জন করে যদি ঐ পরমাণু অন্য পরমাণুকে ইলেকট্রন দিয়ে অন্য বা পরমাণু থেকে ইলেকট্রন গ্রহণ করে নিষ্ক্রিয় গ্যাসের কাঠামো অর্জন করে।

গ. উদ্দীপকের ক মৌলের পারমাণবিক সংখ্যা ৬ এবং ভর সংখ্যা ১২, যেহেতু পারমাণবিক সংখ্যা বা প্রোটন সংখ্যা মৌলের ইলেকট্রন সংখ্যার সমান। সেহেতু উক্ত পরমাণুতে প্রোটনের সমান সংখ্যক ইলেকট্রন বিদ্যমান।

'ক' মৌলের নিউট্রন সংখ্যা  
= ক মৌলের ভরসংখ্যা - ক মৌলের প্রোটন সংখ্যা।  
=  $12 - 6 = 6$ টি

'ক' মৌলের ইলেকট্রন সংখ্যা = ৬

ঘ. কোনো মৌলের ভিন্ন ধরনের পরমাণু যাদের প্রোটন বা পারমাণবিক সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদের ঐ মৌলের আইসোটোপ বলে।

উদ্দীপকের তিনটি মৌলের পারমাণবিক সংখ্যা বা প্রোটন সংখ্যা একই অর্থাৎ ৬। কিন্তু ভরসংখ্যা ভিন্ন। তাই নিউট্রন সংখ্যাও ভিন্ন। নিচে তা দেখানো হলো :

ক মৌলের বেত্রে : প্রোটন সংখ্যা = ৬টি  
নিউট্রন সংখ্যা = ভরসংখ্যা – প্রোটন সংখ্যা  
= ১২ – ৬ = ৬টি  
ভরসংখ্যা = প্রোটন সংখ্যা + নিউট্রন সংখ্যা  
= ৬ + ৬ = ১২

খ মৌলের বেত্রে : প্রোটন সংখ্যা = ৬টি  
নিউট্রন সংখ্যা = ৭টি  
∴ ভর সংখ্যা = ৬ + ৭ = ১৩

গ মৌলের বেত্রে : প্রোটন সংখ্যা = ৬টি  
নিউট্রন সংখ্যা = ৮টি  
∴ ভরসংখ্যা = ৬ + ৮ = ১৪

সুতরাং দেখা যায় ক, খ ও গ মৌলের নিউট্রন সংখ্যা ও ভরসংখ্যা ভিন্ন ভিন্ন কিন্তু প্রোটন সংখ্যা সমান। সুতরাং উদ্দীপকের মৌল তিনটি পরস্পর আইসোটোপ।

### প্রশ্ন – ১৬ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

একটি মৌলের পরমাণুতে ৮টি প্রোটন ও ৮টি নিউট্রন আছে। এতে আরও নিউট্রন যোগ করলে অস্থায়ী আইসোটোপে পরিণত হয়। তখন তেজস্ক্রিয় রশ্মি ও কণা বিকিরিত হয়। ক্যালারের আধুনিক চিকিৎসা ও ফসিলের বয়সকাল নির্ণয়ে এ ধরনের রশ্মি ব্যবহার করা হয়।

- ক. তেজস্ক্রিয় আইসোটোপ কাকে বলে? ১  
খ. পরমাণুতে আইসোটোপের উৎপত্তি হয় কেন? ২  
গ. উক্ত মৌলের পরমাণুতে ২টি নিউট্রন যুক্ত করা হলে মৌলটির কী অবস্থা হবে? ব্যাখ্যা কর। ৩  
ঘ. উদ্দীপকে উল্লিখিত বেত্রে তেজস্ক্রিয় আইসোটোপের ব্যবহার বিশেষণ কর। ৪

### ▶▶ ১৬নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. যেসব অস্থায়ী আইসোটোপ বিভিন্ন তেজস্ক্রিয় রশ্মি ও কণা বিকিরণ করে। তাদের তেজস্ক্রিয় আইসোটোপ বলে।  
খ. কোনো মৌলের বিভিন্ন পরমাণুর নিউক্লিয়াসে একই সংখ্যক প্রোটনের সঙ্গে ভিন্ন ভিন্ন সংখ্যক নিউট্রন থাকার জন্য পরমাণুর ভর ভিন্ন হয়। ফলে আইসোটোপের উৎপত্তি হয়। মৌলের আইসোটোপে পারমাণবিক সংখ্যা অর্থাৎ প্রোটন সংখ্যা বা ইলেকট্রন সংখ্যা একই থাকে কিন্তু ভর সংখ্যা ভিন্ন হয়।  
গ. উক্ত মৌলের পরমাণুতে ৮টি প্রোটন ও ৮টি নিউট্রন আছে। এতে ২টি নিউট্রন যুক্ত করা হলেও মৌলটির পরমাণবিক সংখ্যা অর্থাৎ প্রোটন সংখ্যা বা ইলেকট্রন সংখ্যা একই থাকবে কিন্তু ভরসংখ্যা ১০ হবে এবং এই মৌলটি অক্সিজেন মৌলের আইসোটোপে পরিণত হবে।  
ঘ. উদ্দীপকে উল্লিখিত বেত্রে হলো চিকিৎসা বেত্রে এবং ডু-ভাডিক বৈজ্ঞানিক গবেষণা যেখানে তেজস্ক্রিয় আইসোটোপ কাজে লাগানো হয়। অস্থায়ী আইসোটোপ তেজস্ক্রিয় রশ্মি বিকিরণ করে। মানবদেহে বিভিন্ন রোগ যেমন কোনো সূক্ষ্ম রক্তনালি বতিগ্রস্ত হলে রক্তের মাধ্যমে তেজস্ক্রিয় আইসোটোপ পাঠিয়ে শনাক্ত করা হয়। ক্যালারে আক্রান্ত রোগীর দেহে কোন কোষটি ক্যালার আক্রান্ত তা শনাক্ত করা এবং কোষটিকে ধ্বংস করার জন্য তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহার করা হয়। আইসোটোপের বয়সকাল নির্ণয় করে বৈজ্ঞানিকরা কয়েক কোটি বছর পূর্বের ফসিল বা জীবাশ্মের প্রকৃত সময়কাল নির্ণয় করেন। ফসিলের ভিতরে অবস্থিত স্থায়ী ও অস্থায়ী আইসোটোপের অনুপাত থেকে বোঝা যায় ফসিলটি কত বছরের পুরানো।

প্রশ্ন – ১৭ ▶ X ও Y দুটি মৌল, এদের পারমাণবিক সংখ্যা যথাক্রমে ১২ ও ৮।



- ক. ইলেকট্রন বিন্যাস কাকে বলে? ১  
খ. হিলিয়াম পরমাণু নিষ্ক্রিয় কেন? ২  
গ. X ও Y মৌলের পরমাণু চার্জযুক্ত কিনা? ব্যাখ্যা কর। ৩  
ঘ. X ও Y মৌলের পরমাণু থেকে যৌগ তৈরি হবে কিনা বিশেষণ কর। ৪




### ▶▶ ১৭নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পরমাণুর বিভিন্ন শক্তিস্তরে ইলেকট্রনসমূহের সজ্জাকে ইলেকট্রন বিন্যাস বলে।  
খ. হিলিয়াম পরমাণুতে ২টি ইলেকট্রন থাকে এবং হিলিয়ামের এই ইলেকট্রন ২টি ১ম শক্তিস্তর বা কবপথে থাকে। এর ফলে ১ম শক্তিস্তরের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ বমতা পূর্ণ করে। তাই হিলিয়াম পরমাণু নিষ্ক্রিয়।  
গ. উদ্দীপকের X ও Y মৌলের পারমাণবিক সংখ্যা ১২ ও ৮। যেহেতু পারমাণবিক সংখ্যা বা প্রোটন সংখ্যাই মৌলের ইলেকট্রন সংখ্যা, সেহেতু X ও Y মৌলের ইলেকট্রন সংখ্যা ১২ ও ৮। এদের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :  
X (১২) = ২, ৮, ২  
Y (৮) = ২, ৬  
X ও Y মৌলের ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায় X মৌলের সর্বশেষ কবপথে ২টি ইলেকট্রন এবং Y মৌলের সর্বশেষ কবপথে ৬টি ইলেকট্রন বিদ্যমান। নিষ্ক্রিয় মৌলের ন্যায় ইলেকট্রন বিন্যাস অর্জন করতে হলে X মৌলের সর্বশেষ স্তর থেকে ২টি ইলেকট্রন ত্যাগ করতে হবে এবং Y মৌলের সর্বশেষ স্তরে ২টি ইলেকট্রন গ্রহণ করতে হবে।  
X ও Y মৌলদ্বয় তখনই চার্জযুক্ত হবে যখন নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস অর্জনের জন্য সর্বশেষ স্তরে ইলেকট্রনের গ্রহণ বা বর্জন করবে।  
যেহেতু X ও Y মৌল নিষ্ক্রিয় মৌলের মতো ইলেকট্রন বিন্যাস বিশিষ্ট নয়। সেহেতু X ও Y মৌলদ্বয় চার্জযুক্ত নয়।  
ঘ. উদ্দীপকের X ও Y মৌলের পরমাণু দ্বারা যৌগ গঠিত হবে। X ও Y মৌলের পারমাণবিক সংখ্যা ১২ ও ৮। এদের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :

$$X (১২) = ২, ৮, ২$$

$$Y (৮) = ২, ৬$$

ইলেকট্রন বিন্যাস থেকে দেখা যায়, X পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে ২টি ইলেকট্রন বিদ্যমান, অষ্টক পূরণ করে স্থিতিশীলতা অর্জনের জন্য X পরমাণু এই ইলেকট্রন ২টি বর্জন করবে, ফলে X পরমাণুটি ধনাত্মক চার্জযুক্ত  $X^{2+}$  ক্যাটায়নে পরিণত হবে।  
অপরদিকে, Y পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে ৬টি ইলেকট্রন বিদ্যমান অর্থাৎ অষ্টক অপেক্ষা ২টি ইলেকট্রন কম আছে। ফলে Y পরমাণু সহজেই X পরমাণু থেকে বর্জনকৃত ২টি ইলেকট্রন গ্রহণ করবে এবং ঋণাত্মক চার্জযুক্ত  $Y^{2-}$  অ্যানায়ন গঠিত হবে।  
এভাবে উৎপন্ন বিপরীতধর্মী আয়নসমূহের মধ্যে একটি আকর্ষণ বল কাজ করে এবং তারা একে অপরের সাথে বন্ধনে আবদ্ধ হয়।



### প্রশ্ন – ১৮ ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

মৌলের প্রতীক	প্রোটন সংখ্যা
Al	১৩
N	৭
F	৯

[সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট]




- ক. ভরসংখ্যা কাকে বলে? ১  
খ. প্রোটন ও ইলেকট্রনের আধানের পরিমাণ একই ধরা হয় কেন? ২  
গ. ছকে প্রদত্ত পরমাণুর বিভিন্ন শক্তিস্তরে ইলেকট্রন

- বিন্যাসের চিত্র ঐকে দেখাও। ৩  
 ঘ. ইলেকট্রন বিন্যাসই পরমাণুর কাঠামো প্রদান করে উপরিউক্ত মৌলগুলোর আলোকে উক্তির যথার্থতা যাচাই কর। ৪

▶▶ ১৮নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোনো মৌলের পরমাণুতে প্রোটন ও নিউট্রনের সমষ্টিকে ভরসংখ্যা বলে।  
 খ. কোনো মৌলের পরমাণুতে বিদ্যমান প্রোটন সংখ্যাই ঐ মৌলের ইলেকট্রন সংখ্যা অর্থাৎ মৌলের পরমাণুতে যতগুলো প্রোটন থাকে ততগুলো ইলেকট্রন থাকে, তাই প্রোটন ও ইলেকট্রনের আধানের পরিমাণ একই ধরা হয়।  
 গ. ছকে প্রদত্ত Al, N ও F এর প্রোটন সংখ্যা যথাক্রমে ১৩, ৭ ও ৯। যেহেতু প্রোটন সংখ্যা ইলেকট্রন সংখ্যার সমান তাই Al, N ও F এর পরমাণুতে যথাক্রমে ১৩টি, ৭টি ও ৯টি ইলেকট্রন বিদ্যমান। নিচে এদের ইলেকট্রন বিন্যাস চিত্রের মাধ্যমে দেখানো হলো :
- Al (১৩) = ২, ৮, ৩  
 N (৭) = ২, ৫  
 F (৯) = ২, ৭




- চিত্র: Al পরমাণু চিত্র: N পরমাণু চিত্র: F পরমাণু  
 ঘ. ইলেকট্রন বিন্যাসই পরমাণুর কাঠামো প্রদান করে যা উপরিউক্ত মৌলগুলোর আলোকে যাচাই করা যায়। ইলেকট্রন বিন্যাস থেকে একটি পরমাণুতে বিদ্যমান ইলেকট্রনসমূহের সজ্জা নির্ধারিত হয়। অর্থাৎ মৌলের পরমাণুর ইলেকট্রন সংখ্যা দ্বারা ঐ মৌলের গঠন বিন্যাস জানা যায়। এর ওপর নির্ভর করে মৌলে কতটি শক্তিস্তর থাকবে এবং কোন শক্তিস্তরে কতটি ইলেকট্রন থাকবে। উপরিউক্ত মৌলগুলোর মধ্যে Al, N ও F এর ইলেকট্রন সংখ্যা যথাক্রমে ১৩, ৭ ও ৯। এদের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :  
 Al(১৩) → ২, ৮, ৩  
 N(৭) → ২, ৫  
 F(৯) → ২, ৭  
 দেখা যাচ্ছে যে, A, N ও F এর যথাক্রমে ৩টি, ২টি ও ২টি শক্তিস্তর বিদ্যমান। কোন শক্তিস্তরে কতটি করে ইলেকট্রন থাকবে তাও জানা যায় ইলেকট্রন বিন্যাস থেকে। এভাবে পরমাণুগুলোর গঠন কাঠামো নির্ধারিত হয়। অতএব, ইলেকট্রন বিন্যাসই পরমাণুর কাঠামো প্রদান করে— উক্তটি উপরিউক্ত মৌলগুলোর আলোকে যথার্থ।



সৃজনশীল প্রশ্নব্যাক



**প্রশ্ন-১৯** নিচের ছকে হাইড্রোজেনের তিন ধরনের পরমাণুর গঠন, প্রতীক ও নিউট্রন সংখ্যা উল্লেখ করা হলো—



- ক. পরমাণু কী? ১  
 খ. পরমাণুর সকল ভর নিউক্লিয়াসে কেন? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের ১নং পরমাণুটি কোন ধরনের আধান তৈরি করে? ব্যাখ্যা কর। ৩  
 ঘ. উদ্দীপকের ২নং পরমাণুটি লিথিয়ামের সাথে যৌগ গঠন করবে কি না বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-২০**

মৌল	প্রোটন/ইলেকট্রন সংখ্যা	নিউট্রন সংখ্যা
B	৫	৬
N	৭	৭
Mg	১২	১২

- ক. মৌলিক কণিকা কাকে বলে? ১  
 খ. ক্যাটায়ন ও অ্যানায়ন কীভাবে তৈরি হয়? ২  
 গ. ছকের পরমাণুসমূহের গঠন চিত্র অঙ্কন কর। ৩  
 ঘ. ছকের মৌলসমূহের পারমাণবিক সংখ্যা ও ভরসংখ্যা নির্ণয় কর। ৪

**প্রশ্ন-২১** নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

মৌল	পারমাণবিক সংখ্যা
C	৬
Si	১৪
Cl	১৭

- ক. পরমাণুর নিউক্লিয়াস কী দ্বারা গঠিত? ১  
 খ.  $2n^2$  বলতে কী বুঝায়? ২  
 গ. উদ্দীপকের মৌলসমূহের ইলেকট্রন বিন্যাস নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের মৌলসমূহের স্থিতিশীলতা অর্জনের প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-২২** নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

পরমাণু	পারমাণবিক সংখ্যা	ভরসংখ্যা
A	৬	১২
B	৭	১৪
C	৮	১৬

- ক. পারমাণবিক সংখ্যা কাকে বলে? ১  
 খ. ভরসংখ্যা ও পারমাণবিক সংখ্যার মধ্যে সম্পর্ক কী? ২  
 গ. A পরমাণুর ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন সংখ্যা নির্ণয় কর। ৩  
 ঘ. B ও C পরমাণুর সক্রিয়তা বিশ্লেষণ কর। ৪



অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন-২৩** নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :  
 কল্পনা বসু বাগান করতে ভালোবাসেন। তিনি বাসায় টবে কিছু স্ট্রবেরি গাছ লাগালেন। সার ও হরমোন প্রয়োগে গাছের বৃদ্ধি ও ফলন ভালো হলো। তিনি কিছু স্ট্রবেরি সংরক্ষণও করলেন। [অধ্যায়-৩য়, ৫ম ও ৬ষ্ঠ]


- ক. অক্সিন প্রথম কে আবিষ্কার করেন? ১  
 খ. কৃষি তেজস্ক্রিয় আইসোটোপের ব্যবহার উল্লেখ কর। ২  
 গ. কল্পনা বসু গাছের ওপর বিভিন্ন হরমোন প্রয়োগ করে পরীবা নিরীবা করলে কী কী ফলাফল হতে পারত? ৩  
 ঘ. উদ্দীপকের উদ্ভিদের পানি শোষণ প্রক্রিয়া ব্যাপন ও

অভিস্রবণ প্রক্রিয়ার যৌথ ফল\*— ব্যাখ্যা কর।

8

### ২৩নং প্রশ্নের উত্তর

- ক. অক্সিন প্রথম আবিষ্কার করেন চার্লস ডারউইন।
- খ. কৃষিক্ষেত্রে পতঙ্গ নিয়ন্ত্রণে আইসোটোপের তেজস্ক্রিয় রশ্মি ব্যবহার করা হয়। এছাড়া কখন কোন সার কী পরিমাণে ব্যবহার করতে হয় তা জানতে তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহার করা হয়।
- গ. কল্লনা বসুর গাছ হলো স্ট্রবেরি। তিনি গাছের ওপর বিভিন্ন হরমোনের প্রয়োগ করলে যে যে ফলাফল হতে পারত তা নিম্নরূপ—
- অ্যাবসাইসিক এসিড ও ইথিলিন বৃদ্ধি প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। পাতায় ফ্লোরিজেন নামক হরমোন উৎপন্ন হয় এবং তা পত্রমূলে স্থানান্তরিত হয়ে পত্র মুকুলকে পুষ্পমূলে পরিণত করে। অক্সিন ও অন্যান্য কৃত্রিম হরমোন শাখাকলমে মূল উৎপাদনে সাহায্য করে। ইন্ডোল অ্যাসিটিক এসিড বতস্থান পূরণে সাহায্য করে। অক্সিন প্রয়োগ করলে ফলের মোচন বিলম্বিত হয় ফলে অকালে ফল ঝরে যায় না। জিবেবেরেলিনের প্রভাবে স্ট্রবেরি পর্বমধ্যগুলো দৈর্ঘ্যে বৃদ্ধি পায়। এজন্য খাটো উদ্ভিদটিও হরমোন প্রয়োগ করলে অধিক লম্বা হয়। এটি সুস্বাদু কাটাতে কার্যকর ভূমিকা পালন করে।
- ঘ. উদ্ভীপকের উদ্ভিদটি হলো স্ট্রবেরি। ‘স্ট্রবেরিসহ যেকোনো উদ্ভিদের পানি শোষণ প্রক্রিয়া ব্যাপন ও অভিস্রবণ প্রক্রিয়ার যৌথ ফল— নিচে তার যথার্থতা ব্যাখ্যা করা হলো :
- স্ট্রবেরি একটি স্থলজ উদ্ভিদ। স্থলে বসবাসকারী উদ্ভিদগুলো মূলরোমের সাহায্যে মাটি থেকে পানি শোষণ করে।



চিত্র : মূলের বিভিন্ন অঞ্চল

স্ট্রবেরির মূলরোম মাটির সূক্ষকণার ফাঁকে লেগে থাকা কৌশিক পানি অভিস্রবণ প্রক্রিয়ায় নিজ দেহে টেনে নেয়। লরোমের প্রাচীরটি ভেদ্য তাই প্রথমে ইমবাইবিশন প্রক্রিয়ায় পানি শোষণ করে এবং কোষপ্রাচীরের নিচে অবস্থিত অর্ধভেদ্য পরাজমা পর্দার সংস্পর্শে আসে। মূলরোমের কোষীয় দ্রবণের ঘনত্বের তুলনায় তার পরিবেশের দ্রবণের ঘনত্ব বাইরে বেশি এবং কোষ অভ্যন্তরে কম। পদার্থের অণুগুলোর ধর্ম হচ্ছে বেশি ঘনত্ব থেকে কম ঘনত্বের দিকে ধাবিত হয়— যেটি ব্যাপন প্রক্রিয়া। সুতরাং, স্ট্রবেরি উদ্ভিদের পানি শোষণ প্রক্রিয়া ব্যাপন ও অভিস্রবণ প্রক্রিয়ার যৌথ ফল।




### অনুশীলনার প্রশ্ন ও উত্তর

#### □ শূন্যস্থান পূরণ

- এর মতবাদে পরমাণু অবিভাজ্য।
  - পরমাণুর ভরের প্রায় পুরোটাই — থাকে।
  - পরমাণুর বেশিরভাগ জায়গা —।
  - পরমাণুতে — সংখ্যাকে পারমাণবিক সংখ্যা বলে।
  - একটি মৌলের বিভিন্ন আইসোটোপের প্রোটনের সংখ্যা —।
- উত্তর : ১. ডেমোক্রিটাস; ২. নিউক্লিয়াস; ৩. ফাঁকা; ৪. প্রোটন; ৫. সমান।

#### □ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

- প্রশ্ন ১ ১ ১ একটি পরমাণুতে কোথায় কোথায় ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন থাকে তা চিত্র ঐকে দেখাও ও বর্ণনা কর।
- উত্তর : একটি পরমাণুতে ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন যেভাবে বিন্যস্ত থাকে তা নিচে দেখানো হলো :




চিত্র : একটি পরমাণুর গঠন

প্রত্যেক পদার্থই পরমাণু দ্বারা গঠিত। আর পরমাণুতে রয়েছে ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন। ইলেকট্রনগুলো বিভিন্ন কক্ষপথে ঘুরতে থাকে এবং নিউট্রন ও প্রোটনগুলো পরমাণুর নিউক্লিয়াসে কেন্দ্রীভূত থাকে। ইলেকট্রন

নেগেটিভ চার্জ, প্রোটন পজেটিভ চার্জ আর নিউট্রন চার্জ নিরপেক্ষ অবস্থায় থাকে। যেহেতু প্রত্যেক পরমাণুতে ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান সেহেতু স্বাভাবিক অবস্থায় প্রতিটি পরমাণু চার্জ নিরপেক্ষ থাকে।

প্রশ্ন ২ ২ ২ নাইট্রোজেনের পারমাণবিক সংখ্যা ৭। একটি নাইট্রোজেন পরমাণুর ইলেকট্রন বিন্যাস ঐকে দেখাও।

উত্তর : নাইট্রোজেনের পারমাণবিক সংখ্যা ৭। এর ইলেকট্রন বিন্যাস ২, ৫। একটি নাইট্রোজেন পরমাণুর ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :



প্রশ্ন ৩ ৩ ৩ চিকিৎসা ও কৃষিক্ষেত্রে আইসোটোপের ব্যবহার আলোচনা কর।

উত্তর : চিকিৎসা ও কৃষিক্ষেত্রে আইসোটোপের ব্যবহার নিচে আলোচনা করা হলো :

**চিকিৎসা ক্ষেত্রে** : বিভিন্ন রোগ নির্ণয় ও নিরাময়ে আইসোটোপ ব্যবহার করা হয়। কোনো ক্ষুদ্র রক্তনালী ক্ষতিগ্রস্ত হলে রক্তের মাধ্যমে আইসোটোপ পাঠিয়ে তা শনাক্ত করা যায়। একইভাবে ক্যান্সারে আক্রান্ত রোগীর কোন কোষ ক্যান্সার আক্রান্ত, তা আইসোটোপ পাঠিয়ে নির্ণয় করা যায়।

**কৃষিক্ষেত্রে** : কৃষিক্ষেত্রে পতঙ্গ নিয়ন্ত্রণে আইসোটোপের তেজস্ক্রিয় রশ্মি ব্যবহার করা হয়। এছাড়া কখন কোন সার কী পরিমাণ ব্যবহার করতে হবে তা জানতে তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহার করা হয়।

প্রশ্ন ৪ ৪ ৪ পরমাণু কেনে আয়নে পরিণত হয় তা উদাহরণসহ ব্যাখ্যা কর।

উত্তর : সৃজনশীল ১৪(খ) নং উত্তর দেখ।

প্রশ্ন ৫ ৫ ৫ ক্যাটায়ন ও অ্যানায়ন কীভাবে তৈরি হয় তা উদাহরণসহ ব্যাখ্যা কর।

উত্তর : আধানযুক্ত পরমাণুকে আয়ন বলে। যে আয়নে ধনাত্মক আধান থাকে তাকে ক্যাটায়ন আর যে আয়নে ঋণাত্মক আধান থাকে তাকে অ্যানায়ন বলে। একটি পরমাণু ইলেকট্রন বর্জন করলে বা হারালে

ক্যাটায়নে পরিণত হয়। আর ইলেকট্রন কারো কাছ থেকে গ্রহণ করলে বা নিলে অ্যানায়নে পরিণত হয়। যেমন : সোডিয়াম পরমাণুর ইলেকট্রন বিন্যাস ২, ৮ ও ১। এটি স্থিতিশীল অবস্থা অর্জনের লক্ষ্যে একটি ইলেকট্রন বর্জন করতে চায়। একটি ইলেকট্রন বর্জনের পর সোডিয়াম পরমাণু ধনাত্মক আধানযুক্ত পরমাণুতে পরিণত হয়। এতে সোডিয়াম

পরমাণু ক্যাটায়নে পরিণত হয়। ক্যাটায়ন ও অ্যানায়ন তৈরি হয় ফ্লোরিন পরমাণুর ইলেকট্রন বিন্যাস ২, ৭। এটি স্থিতিশীল অবস্থা অর্জনের লক্ষ্যে একটি ইলেকট্রন গ্রহণ করতে চায়। একটি ইলেকট্রন গ্রহণের পর ফ্লোরিন পরমাণু ঋণাত্মক আধানযুক্ত পরমাণুতে পরিণত হয়। এতে ফ্লোরিন পরমাণু অ্যানায়নে পরিণত হয়। এভাবে ক্যাটায়ন ও অ্যানায়ন তৈরি হয়।



## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর



### □ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ----- //

- প্রশ্ন ১ ১** নিউক্লিয়াসের চতুর্দিকে ঘূর্ণায়মান কণিকার নাম কী?  
**উত্তর** : নিউক্লিয়াসের চতুর্দিকে ঘূর্ণায়মান কণিকার নাম ইলেকট্রন।
- প্রশ্ন ১ ২** মৌলিক কণিকা কাকে বলে?  
**উত্তর** : যেসব অতি সূক্ষ্ম কণিকা দ্বারা পরমাণু গঠিত, তাদের মৌলিক কণিকা বলে।
- প্রশ্ন ১ ৩** পরমাণুর মধ্যে ইলেকট্রন কোথায় অবস্থান করে?  
**উত্তর** : ইলেকট্রন পরমাণুর মধ্যে নিউক্লিয়াসের বাইরে বিভিন্ন কক্ষপথে বা শক্তিস্তরে অবস্থান করে।
- প্রশ্ন ১ ৪** কী কী মূল উপাদান দ্বারা মৌলের পরমাণু গঠিত?  
**উত্তর** : ইলেকট্রন, প্রোটন এবং নিউট্রন এ তিনটি মৌলিক কণিকা দ্বারা পরমাণু গঠিত।
- প্রশ্ন ১ ৫** প্রোটনের তড়িৎ আধানের প্রকৃতি কী?  
**উত্তর** : প্রোটনের তড়িৎ আধানের প্রকৃতি হলো ধনাত্মক।
- প্রশ্ন ১ ৬** পদার্থের সবচেয়ে ক্ষুদ্রতম কণাকে কী বলে?  
**উত্তর** : পদার্থের সবচেয়ে ক্ষুদ্রতম কণাকে বলে পরমাণু।
- প্রশ্ন ১ ৭** নিউট্রনবিহীন একটি পরমাণুর নাম কর।  
**উত্তর** : নিউট্রনবিহীন একটি পরমাণুর নাম হাইড্রোজেন।
- প্রশ্ন ১ ৮** কোন বিজ্ঞানী পরমাণুর নিউক্লিয়াস আবিষ্কার করেন?  
**উত্তর** : বিজ্ঞানী রাদারফোর্ড নিউক্লিয়াস আবিষ্কার করেন।

### □ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ----- //

- প্রশ্ন ১ ১** পরমাণুর নিউক্লিয়াস বলতে কী বুঝায়?  
**উত্তর** : পরমাণুর কেন্দ্রে যে অবস্থানে মৌলিক কণিকা প্রোটন ও নিউট্রন একত্রে আবদ্ধ থাকে তাকে পরমাণুর নিউক্লিয়াস বলে।
- প্রশ্ন ১ ২** সোডিয়ামের পারমাণবিক সংখ্যা ১১ বলতে কী বুঝায়?  
**উত্তর** : সোডিয়ামের পারমাণবিক সংখ্যা ১১ বলতে বুঝায় যে, সোডিয়াম পরমাণুর নিউক্লিয়াসে ১১টি প্রোটন আছে।

### প্রশ্ন ১ ৩ ১ ইলেকট্রন বিন্যাস বলতে কী বোঝায়?

**উত্তর** : ইলেকট্রন বিন্যাস বলতে পরমাণুতে ইলেকট্রনের সজ্জাকে বোঝায়। প্রত্যেক পরমাণুর নির্দিষ্ট সংখ্যক ইলেকট্রন থাকে। পরমাণুতে তার ইলেকট্রনগুলো বিভিন্ন শক্তিস্তরে বা কক্ষপথে নিয়মমাত্মক বিতরণ ব্যবস্থার মাধ্যমে সজ্জিত থাকে।

### প্রশ্ন ১ ৪ ১ অক্সিজেনের ভর সংখ্যা ১৬ বলতে কী বুঝায়?

**উত্তর** : অক্সিজেনের ভর সংখ্যা ১৬ বলতে বুঝায় যে, অক্সিজেন পরমাণুর নিউক্লিয়াসে ৮টি প্রোটন ও ৮টি নিউট্রন আছে। যার সমষ্টি ১৬।

### প্রশ্ন ১ ৫ ১ পরমাণুর কোন কোন অংশে প্রোটন, নিউট্রন এবং ইলেকট্রন থাকে?

**উত্তর** : পরমাণুর নিউক্লিয়াসে প্রোটন ও নিউট্রন থাকে। ইলেকট্রন নিউক্লিয়াসের বাইরে চারদিকে ঘুরতে থাকে। ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত, প্রোটন ধনাত্মক ও নিউট্রন চার্জ নিরপেক্ষ কণা। স্বাভাবিক অবস্থায় প্রত্যেক পরমাণুতে সমান সংখ্যক ইলেকট্রন ও প্রোটন থাকায় পরমাণু চার্জ নিরপেক্ষ হয়।

### প্রশ্ন ১ ৬ ১ পারমাণবিক সংখ্যাকে মৌলের স্বাতন্ত্র্য ধর্ম বলা হয় কেন?

**উত্তর** : দুটি ভিন্ন মৌলের পারমাণবিক সংখ্যা কখনই এক হয় না বলে একে মৌলের স্বতন্ত্র ধর্ম বলা হয়। নির্দিষ্ট মৌলের পারমাণবিক সংখ্যা নির্দিষ্ট থাকায় ঐ মৌলের ধর্মও নির্দিষ্ট থাকে। তাই এটি মৌলের একটি স্বাতন্ত্র্য ধর্ম।

### প্রশ্ন ১ ৭ ১ আইসোটোপগুলোর রাসায়নিক ধর্ম অভিন্ন থাকার কারণ ব্যাখ্যা কর।

**উত্তর** : আইসোটোপগুলোর রাসায়নিক ধর্ম অভিন্ন থাকার কারণ তাদের পারমাণবিক সংখ্যা একই। মৌলের রাসায়নিক ধর্ম ঐ মৌলের পারমাণবিক সংখ্যার ওপর নির্ভর করে। আইসোটোপগুলোর পারমাণবিক সংখ্যা একই হওয়ার জন্য এদের নিউক্লিয়াসে প্রোটনের সংখ্যা একই থাকে। নিউক্লিয়াসের বাইরে বিভিন্ন কক্ষে ইলেকট্রন বিন্যাসও এক রকম হয়। তাই আইসোটোপগুলোর রাসায়নিক ধর্ম অভিন্ন হয়।